# ২০২৫
# বাংলা
(মেজর)

(NEP পাঠক্রম অনুসারী)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-101

[NEP-2020]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) চর্যাপদের দুটি ঐতিহাসিক গুরুত্ব লেখো।

খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের কোন্ খণ্ডটির নামকরণ প্রসঙ্গে বিতর্ক রয়েছে? সেই বিতর্কটি কী?

গ) 'গৌড়েশ্বর দিলা নাম গুণরাজ খান'—গুণরাজ খান কে? তাঁর রচিত কাব্যটির নাম লেখো।

ঘ) কবি কৃত্তিবাস ওঝার রামায়ণ কাব্যে বর্ণিত বাঙালি সংস্কৃতির দুটি পরিচয় উল্লেখ করো।

ঙ) বাংলা সাহিত্যে কোন কবিকে 'মৈথিল কোকিল' বলা হয়? তিনি কোন সময়ের কবি ছিলেন?

চ) কে কাকে 'চৈতন্য লীলার ব্যাস' বলে বন্দনা করেছেন?

ছ) কৃষ্ণদাস কবিরাজ রচিত আদিলীলায় চৈতন্য জীবনের কোন্ কাহিনি বর্ণিত হয়েছে?

[পরের পাতায়]

জ) মনসামঙ্গল কাব্যকে 'অষ্টমঙ্গলা' বলা হয় কেন?

ঝ) মুকুন্দরাম চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের প্রকৃত নাম কী? এই কাব্যের প্রধান কাহিনি দুটি উল্লেখ করো।

ঞ) মধ্যযুগের কোন্ কোন্ কাব্যে দেব মহিমার তুলনায় মানব-মানবীর প্রণয় কাহিনি প্রাধান্য পেয়েছে?

ট) মধ্যযুগের কোন কাব্যধারায় মা-মেয়ের সম্পর্ককে প্রাধান্য দেওয়া হয়েছে? এই কাব্যধারার প্রধান দুজন কবির নাম লেখো।

ঠ) মধ্য ভারতীয় আর্য ভাষার সময়সীমা উল্লেখ করো। আদি মধ্য যুগের একটি কাব্য নিদর্শনের নাম লেখো।

ড) কোন্ কোন্ লিপি বিবর্তিত হয়ে বাংলা লিপির উদ্ভব হয়েছে বলে মনে করা হয়?

ঢ) যৌগিক স্বরধ্বনির সংজ্ঞা দাও।

ণ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো—রবীন্দ্রনাথ ঠাকুর।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) চণ্ডীদাসের ভাবশিষ্য কাকে বলা হয়? তিনি কোন রসপর্যায়ের পদে বিশেষ কৃতিত্ব অর্জন করেছেন? তাঁর কবিকৃতির সংক্ষিপ্ত বিবরণ দাও।

খ) টীকা লেখো (যে-কোনো একটি):

চাঁদ সদাগর, লাউসেন।

গ) বাংলা অনুবাদ সাহিত্যের ধারায় মহাভারতের দুজন অনুবাদকের নাম উল্লেখ করে এই ধারার শ্রেষ্ঠ কবির কৃতিত্ব সংক্ষেপে বিবৃত করো।



ঘ) মনসামঙ্গল কাব্যধারার কবি নারায়ণ দেবের কাব্য-বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

ঙ) টীকা লেখো (যে-কোনো দুটি):

নাসিক্যব্যঞ্জন, ওষ্ঠ্যধ্বনি, মহাপ্রাণধ্বনি, অঘোষধ্বনি।

চ) নীচের অনুচ্ছেদটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (IPA) লিপ্যন্তর করো:

স্মৃতির পটে জীবনের ছবি কে আঁকিয়া যায় জানি না। কিন্তু যে-ই আঁকুক সে-ই ছবি আঁকে। অর্থাৎ যাহা কিছু ঘটিতেছে তাহার অবিকল নকল রাখিবার জন্য সে তুলি হাতে বসিয়া নাই। সে আপনার অভিরুচি অনুসারে কত কি বাদ দেয়, কত কি রাখে।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'চণ্ডীদাস সহজ ভাষার সহজ ভাবের কবি'—রবীন্দ্রনাথের উক্তির আলোকে কবি চণ্ডীদাসের কৃতিত্ব বিচার করো।

খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে উল্লেখিত নারী চরিত্রগুলি অবলম্বনে তৎকালীন সমাজে নারী সমাজের অবস্থান নির্ণয় করো।

গ) বাংলার সমাজ ও সাহিত্যে তুর্কী আক্রমণের গুরুত্ব বিচার করো।

ঘ) প্রাচীন ভারতীয় আর্যভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।

---